দৈনিক জনকণ্ঠ


JUN 27 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# এইচএসসির পর উচ্চ শিক্ষা

# বাণিজ্য বিভাগ

কিছুদিন পরই এইচএসসি পরীক্ষার ফলাফল প্রকাশিত হবে। সেই সাথে পর্যায়ক্রমে শুরু হয়ে যাবে দেশের শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয়গুলোতে ভর্তির প্রতিযোগিতা। সেই প্রতিযোগিতায় নিজেকে টিকিয়ে রাখার উপযোগী করে গড়ে তোলার জন্য এখনই উপযুক্ত সময়। এইচএসসি পাসের পর বাণিজ্য শিক্ষার্থীদের প্রধান লক্ষ্য থাকে দেশের সেরা বিশ্ববিদ্যালয়ে কাঙ্ক্ষিত বিষয়ে ভর্তি হওয়া। উচ্চ মাধ্যমিক পাসের পর কোথায় কোথায় ভর্তির সুযোগ রয়েছে সেই আলোচনার ধারাবাহিকতায় আজ থাকছে বাণিজ্য বিভাগের শিক্ষার্থীদের জন্য উচ্চ শিক্ষার সুযোগ নিয়ে বিস্তারিত আলোচনা।



### ঢাকা বিশ্ববিদ্যালয়

এইচএসসি পাসের পর দেশের শীর্ষস্থানীয় মেধাবীদের ভর্তির মূল লক্ষ্য ঢাকা বিশ্ববিদ্যালয়। এখানে ভর্তির জন্য বাণিজ্য বিভাগের শিক্ষার্থীদের 'গ ইউনিটের' মাধ্যমে আবেদন করতে হয়। বিজনেস স্টাডিজ অনুষদের অন্তর্ভুক্ত বিভাগ সমূহ হলো
১. বিবিএ (হিসাব বিজ্ঞান)
২. বিবিএ (ব্যবস্থাপনা স্টাডিজ)
৩. বিবিএ (ফিন্যান্স ও ব্যাংকিং)
৪. বিবিএ (মার্কেটিং)
এখানে ভর্তির জন্য সর্বশেষ পরীক্ষা অনুযায়ী এসএসসি ও এইচএসসিতে মোট ১১৫০ নম্বর চাওয়া হয়েছিল এবং এমসিকিউ পদ্ধতিতে ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় বিপরীতে সময় ছিল ৬০ মিনিট।

### জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

ঢাকার অদূরে সাভারে অবস্থিত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় দেশের একমাত্র আবাসিক বিশ্ববিদ্যালয় হিসাবে মেধাবীদের ভর্তির টার্গেটে থাকে। বাণিজ্য বিভাগের শিক্ষার্থীরা এখানে 'খ' এবং 'গ' ইউনিটের বিভিন্ন বিষয়ে ভর্তি পরীক্ষা দিতে পারে। 'খ' ইউনিটের অন্তর্ভুক্ত বিষয়গুলো হলো অর্থনীতি, নৃবিজ্ঞান, ব্যবসায় প্রশাসন, ভূগোল ও পরিবেশ, সরকার ও রাজনীতি এবং নগর ও অঞ্চল পরিকল্পনা। 'গ' ইউনিটের বিষয়গুলো হলো আন্তর্জাতিক সম্পর্ক, ইংরেজী, ইতিহাস, দর্শন, নাটক ও নাট্যতত্ত্ব, প্রত্নতত্ত্ব এবং বাংলা। সর্বশেষ ভর্তি পরীক্ষা অনুযায়ী এখানে অর্থনীতি, ব্যবসায় প্রশাসন, ভূগোল ও পরিবেশ, আন্তর্জাতিক সম্পর্ক, ইংরেজী, ইতিহাস, নাটক ও নাট্যতত্ত্ব ও বাংলা বিভাগে ভর্তির জন্য মোট ১২০০ নম্বর; নৃবিজ্ঞানী, সরকার ও রাজনীতি, দর্শন, প্রত্নতত্ত্ব বিভাগের জন্য ১১০০ নম্বর এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য মোট ১১৫০ নম্বর চাওয়া হয়েছিল।

### রাজশাহী বিশ্ববিদ্যালয়

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে বাণিজ্য অনুষদের বিভাগসমূহে ভর্তির জন্য প্রতিবছর চলে তুমুল প্রতিযোগিতা। বিজনেস স্টাডিজ অনুষদের অন্তর্ভুক্ত বিষয়সমূহ হলো– হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং এবং ফাইনান্স ও ব্যাংকিং। সর্বশেষ ভর্তি পরীক্ষা পদ্ধতি অনুযায়ী এখানে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় মোট ১০০০ নম্বর চাওয়া হয়েছিল। এ ছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ)-এ বিবিএ প্রোগ্রাম, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য অনুষদের অন্তর্ভুক্ত হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা, ফাইনান্স এ্যান্ড মার্কেটিং খুলনা বিশ্ববিদ্যালয়ে বিবিএ, অর্থনীতি, ইসলামী

বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে বাণিজ্য শিক্ষার্থীদের বিভিন্ন বিষয়ে ভর্তির সুযোগ রয়েছে।